দৈনিক ইনকিলাব

তারিখ 06 JUN 1987

পৃষ্ঠা ৭ কলাম



# উপজেলা পরিক্রমা

## মান্দা

।। সংবাদদাতা ।।

নওগাঁ জেলার বৃহত্তম উপজেলা মান্দা। এ উপজেলা আত্রাই নদীর তীরে অবস্থিত। শুধু থানার নামই মান্দা। বেলাভূমি হলেও আংশিক বরেন্দ্রভূমি ও পলিভূমি আছে। জমি উর্বরা হওয়ায় সারা বছর ধান হয় এবং মাছ পাওয়া যায় প্রচুর। এ উপজেলার ফুল (রাজ বরুই) বাংলাদেশের প্রায় সবজেলাতে সমানভাবে সমাদৃত। ১৪টি ইউনিয়ন নিয়ে এ উপজেলা গঠিত। আয়তন ১৫৯ বর্গমাইল, মৌজা ৩০২, গ্রাম ২৮৯, মোট চাষযোগ্য জমির পরিমাণ ৭৯৪১২ একর, দুই ফসলী জমি ২৭৪০০ একর, তিন ফসলী জমি ৮০০০ একর, মোট আবাদকৃত জমি ৭২৯৫০ একর। চাষের অযোগ্য জমি ২২০০০ একর। ১৯৮১ সালের আদমশুমারি অনুযায়ী লোকসংখ্যা ২৪৮৮৯১ জন। পুরুষ ১২৫৩৬০ জন ও মহিলা ১২৩৫৩১ জন। শিক্ষিতের হার ১৯.৬ শতাংশ। লোকসংখ্যার ঘনত্ব ১৫৬৩ বর্গমাইলে। গভীর নলকূপ ৮৫টি, অগভীর নলকূপ ১৭৮৬টি, শক্তিচালিত পাম্প ৩৯২টি এবং হস্তচালিত নলকূপ ১৯৮৬টি।

**শিক্ষা প্রতিষ্ঠান:** সরকারী প্রাথমিক বিদ্যালয় ৯৭টি, বেসরকারী ২৬টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ২৪টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ১১টি, কলেজ ১টি এবং বালিকা বিদ্যালয় ১টি। মসজিদ ৭৭২টি, ডাকঘর ১৬টি, ব্যাংক ১১টি, পশু হাসপাতাল ১টি। ফাজিল ১টি, আলিম ২টি, দাখিল ৬টি এবং এবতেদায়ী ৫৭টি মাদ্রাসা রয়েছে।

**চিকিৎসা:** উপজেলা সদরে একমাত্র স্বাস্থ্য কেন্দ্র নানান সমস্যায় জর্জরিত। রোগীরা সুষ্ঠু চিকিৎসা থেকে বঞ্চিত। এখানে রোগীদের চিকিৎসার জন্য একমাত্র ট্যাবলেট ছাড়া আর কিছুই দেয়া হয় না।

**পানি:** উপজেলার সব ক'টি ইউনিয়নে বিশুদ্ধ পানির অভাব। বিশুদ্ধ পানি সরবরাহের নলকূপগুলো অধিকাংশ সময়ই অকেজো থাকে। ফলে, গ্রামাঞ্চলের জনগণকে পেটের পীড়ায় ভুগতে হচ্ছে।

**শিক্ষা সমস্যা:** এই উপজেলায় শিক্ষিতের হার ১৬ শতাংশ। উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধি পেলেও শিক্ষা সমস্যা প্রচুর। শিক্ষা প্রতিষ্ঠান কম হওয়ায় ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।